গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমের ২০১৯-২০২০ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	ড. তরুণ কান্তি শিকদার অতিরিক্ত সচিব ও চিফ ইনোভেশন অফিসার, সুরক্ষা সেবা বিভাগ
সভার তারিখ	০৩ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকা
স্থান	সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সভাপতি সদস্য-সচিবকে অনুরোধ করেন। সদস্য-সচিব নিম্নরূপভাবে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেনঃ

১.০ **আলোচ্য সূচি:** সুরক্ষা সেবা বিভাগ এবং অধীনস্থ অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও আশু করণীয় নির্ধারণ।

১.১ **আলোচনা:** সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০২০ এর বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করেন। মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন অনুসারে প্রতিটি অধিদপ্তরের ইনোভেশন টিম স্ব স্ব অধিদপ্তরে কর্মরত কর্মকর্তাগণের সমন্বয়ে পুনর্গঠনপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করা প্রয়োজন মর্মে সভাপতি উল্লেখ করেন। অধিদপ্তরসমূহ কর্তৃক দাখিলকৃত বিগত ২০১৮-১৯ অর্থবছরের স্ব-মূল্যায়ন স্কোর পর্যালোচনাপূর্বক চূড়ান্ত স্কোর নির্ধারণ, ১২ জুন ২০১৯ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন শোকেসিংয়ে ঘোষিত সেরা উদ্ভাবন ও সেরা স্টলের ক্রেস্ট আনুষ্ঠানিকভাবে প্রদানের ব্যবস্থা করা এবং ইনোভেশন টিমের ইন্দোনেশিয়া সফরের উপর প্রতিবেদন জরুরি ভিত্তিতে দাখিলের বিষয়ে সভায় আলোচনা হয়। সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০২০ এর সকল কার্যক্রম যথাসময়ে বাস্তবায়নের উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়। বিশেষ করে আগামী ১৫.১০.২০১৯ তরিখের মধ্যে ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজীকরণের পাইলটিং বাস্তবায়ন এবং ০৩/১১/২০১৯ তারিখের মধ্যে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান ও প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা তথ্য বাতায়নে প্রকাশের বিষয়ে জরুরি ভিত্তিতে ব্যবস্থা নেয়া প্রয়োজন মর্মে সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। এছাড়াও, ইনোভেশন কোডে বাজেট বরাদ্দ, অক্টোবর/২০১৯ মাসে একটি একদিনের সেমিনার আয়োজন এবং দেশে নলেজ শেয়ারিং ও বিদেশে শিক্ষা সফরের বিষয়ে সম্ভাব্য প্রতিষ্ঠান ও দেশ চিহ্নিতকরণের উদ্যোগ গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

১.২ **সিদ্ধান্ত:**

ক) মন্ত্রিপরিষদ বিভাগের ০৮ এপ্রিল ২০১৩ তারিখের ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮ নং প্রজ্ঞাপন অনুসারে প্রতিটি অধিদপ্তরের ইনোভেশন টিম স্ব স্ব অধিদপ্তরে কর্মরত কর্মকর্তাগণের সমন্বয়ে পুনর্গঠনপূর্বক (ইতোমধ্যে করা না হয়ে থাকলে) আগামী ৩০/০৯/২০১৯ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

খ) অধিদপ্তরসমূহ কর্তৃক দাখিলকৃত বিগত ২০১৮-১৯ অর্থবছরের স্ব-মূল্যায়ন স্কোর পর্যালোচনাপূর্বক চূড়ান্ত স্কোর নির্ধারণের লক্ষ্যে যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) এবং প্রোগ্রামার আগামী ১০/১০/২০১৯ তারিখের মধ্যে চূড়ান্ত খসড়া স্কোর প্রস্তুতক্রমে চিফ ইনোভেশন অফিসারের নিকট দাখিল করবেন, যা ইনোভেশন টিমের পরবর্তী সভায় আলোচনাক্রমে চূড়ান্ত

করা হবে এবং পরবর্তীতে সচিব মহোদয়ের অনুমোদনক্রমে অধিদপ্তরসমূহের নিকট প্রেরণ করা হবে।

গ) ১২ জুন ২০১৯ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন শোকেসিংয়ে ঘোষিত সেরা উদ্ভাবন (প্রিজন লিংক) ও সেরা স্টল (ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর) এর স্বীকৃতি হিসেবে প্রস্তুতকৃত ক্রেস্ট আনুষ্ঠানিকভাবে প্রদানের লক্ষ্যে যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) সচিব মহোদয়ের সাথে আলোচনাক্রমে সুবিধাজনক সময় নির্ধারণ করবেন।

ঘ) ইনোভেশন টিমের ইন্দোনেশিয়া সফরের উপর প্রতিবেদন প্রস্তুতক্রমে আগামী ৩০/০৯/২০১৯ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সচিব মহোদয়ের নিকট দাখিল করতে হবে। প্রতিবেদনের খসড়া প্রণয়নের লক্ষে যৌথভাবে দায়িত্ব পালন করবেন সুরক্ষা সেবা বিভাগের পক্ষে সিনিয়র সহকারী সচিব জনাব মুহাম্মদ আবদুল হাই মিলটন, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের পক্ষে অতিরিক্ত মহাপরিচালক জনাব সেলিনা বানু, কারা অধিদপ্তরের পক্ষে কারা উপ-মহাপরিদর্শক জনাব টিপু সুলতান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পক্ষে জনাব মো: জিল্লুর রহমান এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পক্ষে উপ-সহকারী পরিচালক জনাব মো: হেলাল উদ্দিন খান।

ঙ) চলতি ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার ২.১ নং কার্যক্রম অনুসারে বছরে ইনোভেশন টিমের ৬টি সভা করার লক্ষ্যমাত্রার প্রেক্ষিতে ২য় সভাটি অক্টোবর, ২০১৯ মাসের শেষ সপ্তাহে আহবান করা হবে।

চ) উল্লিখিত কর্মপরিকল্পনার ৩.১ নং কার্যক্রম অনুসারে উদ্ভাবন খাতের বাজেট বরাদ্দ হতে যে ব্যয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে তা সংশোধিত বাজেট প্রণয়নের সময় সংশ্লিষ্ট কোডে (৩২৫৭১০৫) বরাদ্দ প্রদান নিশ্চিত করার জন্য সুরক্ষা সেবা বিভাগ ও অধীনস্থ অধিদপ্তরসমূহের বাজেট প্রণয়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো।

ছ) কর্মপরিকল্পনার ৪.১ নং কার্যক্রম অনুসারে উদ্ভাবন ও সেবা সহজীকরণ বিষয়ে বছরে ৩টি একদিনের সেমিনার/কর্মশালা আয়োজনের লক্ষ্যমাত্রার বিপরীতে অক্টোবর, ২০১৯ মাসের মধ্যে ১টি একদিনের সেমিনার আয়োজন করা হবে।

জ) কর্মপরিকল্পনার ৫.১ নং কার্যক্রম অনুসারে ০৩/১১/২০১৯ তারিখের মধ্যে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান ও প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা তথ্য বাতায়নে প্রকাশের লক্ষ্যে আগামী ১০/১০/২০১৯ তারিখের মধ্যে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা দাখিলের সময়সীমা নির্ধারণপূর্বক ২৬.০৯.২০১৯ তারিখের মধ্যে পত্র জারি করা হবে। প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো ইনোভেশন টিমের পরবর্তী সভায় যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত তালিকা প্রস্তুতক্রমে সচিব মহোদয়ের অনুমোদন গ্রহণের পর ০৩/১১/২০১৯ তারিখের মধ্যেই মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

ঝ) কর্মপরিকল্পনার ৯.২ এবং ৯.৩ নং কার্যক্রম অনুসারে দেশে নলেজ শেয়ারিং ও বিদেশে শিক্ষা সফরের বিষয়ে সম্ভাব্য প্রতিষ্ঠান ও দেশ চিহ্নিতকরণপূর্বক ইনোভেশন টিমের পরবর্তী সভায় উপস্থাপনের জন্য যুগ্মসচিব জনাব মল্লিক সাঈদ মাহবুব, উপসচিব জনাব মো: মনিরুজ্জামান এবং উপসচিব জনাব মো: আবুল কালাম তালুকদারকে অনুরোধ করা হলো।

ঞ) কর্মপরিকল্পনার ১২.১ নং কার্যক্রম অনুসারে ১৫/১০/২০১৯ তারিখের মধ্যে ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজীকরণের পাইলটিং বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত আগামী ৩০/০৯/২০১৯ তারিখের মধ্যে প্রত্যেক অনুবিভাগ হতে ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজীকরণের প্রস্তাব (সেবার নাম, বিদ্যমান ও প্রস্তাবিত ধাপসমূহ উল্লেখপূর্বক) প্রেরণের জন্য ২৩/০৯/২০১৯ তারিখের মধ্যে পত্র প্রেরণ করা হবে।

ট) উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের পরিপ্রেক্ষিতে সুরক্ষা সেবা বিভাগের অধীনস্থ অধিদপ্তরসমূহ স্ব স্ব লক্ষ্যমাত্রা অনুযায়ী অনুরূপ পদক্ষেপ গ্রহণ করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. তরুণ কান্তি শিকদার
অতিরিক্ত সচিব ও চিফ ইনোভেশন অফিসার,
সুরক্ষা সেবা বিভাগ

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬.১৭.৭০

তারিখ: ৮ আশ্বিন ১৪২৬
২৩ সেপ্টেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
২) জনাব মল্লিক সাঈদ মাহবুব, যুগ্মসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৩) জনাব মো: শওকত আলী, যুগ্মসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৪) জনাব মো: মনিরুজ্জামান, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৫) জনাব মো: আবুল কালাম তালুকদার, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৬) জনাব মো: আইয়ুব হোসেন, প্রোগ্রামার ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৭) অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ।

মুহাম্মদ আবদুল হাই মিলটন
সিনিয়র সহকারী সচিব ও সদস্য সচিব,
ইনোভেশন টিম